# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

বিআরপিডি সার্কুলার নং-০৬

তারিখ: ২৫ জুন ২০২৫ / ১১ আষাঢ় ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে পরিপালনীয় নির্দেশনা প্রসঙ্গে**

ঋণ শ্রেণিকরণ ও প্রভিশনিং সংক্রান্ত বিষয়ে ২৭ নভেম্বর ২০২৪ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলারের 5(a) নং অনুচ্ছেদে চলমান ঋণ (Continuous Loan) এর সংজ্ঞা এবং 6(a)(1) নং অনুচ্ছেদে উক্ত ঋণ মেয়াদোত্তীর্ণ (Past Due/ Over Due) হওয়ার সংজ্ঞা প্রদান করা হয়েছে। অন্যদিকে, একই সার্কুলারের 6(d)(i) নং অনুচ্ছেদে ঋণের মেয়াদোত্তীর্ণ অংশ পরিশোধ ব্যতীত শ্রেণিকৃত ঋণ অশ্রেণিকৃত করার সুযোগ নেই মর্মে উল্লেখ করা হয়েছে। উক্ত অনুচ্ছেদসমূহে বর্ণিত নির্দেশনা অনুযায়ী, একটি চলমান ঋণ বিদ্যমান মেয়াদের মধ্যে সম্পূর্ণ সমন্বয় অথবা নবায়ন করতে হবে।

৩। সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে ঋণের সীমাতিরিক্ত অংশসহ নতুন ঋণসীমা নির্ধারণ করত নবায়ন অনুমোদন প্রদান করা হচ্ছে এবং অনেক ক্ষেত্রে নবায়নের উদ্দেশ্যে সীমাতিরিক্ত অংশ পৃথক ঋণ হিসাবে স্থানান্তর করা হচ্ছে, যা ব্যাংকিং নিয়মাচারের পরিপন্থী। এক্ষণে, ব্যাংকিং সেক্টরের ঋণ শৃঙ্খলা সমুন্নত রাখার নিমিত্ত চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:

ক) চলমান ঋণসমূহ বিদ্যমান মেয়াদের মধ্যে নবায়ন করতে হবে। তবে ঋণের সীমাতিরিক্ত অংশ সমন্বয় ব্যতীত ঋণ নবায়ন করা যাবে না;

খ) চলমান ঋণের সীমাতিরিক্ত অংশ মূল ঋণ হিসাব হতে পৃথক করত নতুন ঋণ সৃষ্টি বা অন্য কোনো ঋণ হিসাবে স্থানান্তর করা যাবে না।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক(বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২